

### সাত দিন

২ আগস্ট : চট্টগ্রামের রাজাখালী এলাকায় পুলিশের সঙ্গে ছিনতাইকারীদের গুলিবিনিময়

ঘটনায় এক ছিনতাইকারী নিহত।

৩ আগস্ট : রাজধানী ঢাকাসহ ৩৮ জেলার ২৯৩টি থানায় ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে ৭ হাজার ৪৫৪ জন।

৪ আগস্ট : বগুড়ার শিবগঞ্জ উপজেলার মোকামতলায় আলোড়ন সৃষ্টিকারী মা উলেফা বেগমসহ (৬০) ট্রিপল হত্যা মামলার রায়ে খুনি ৫ সন্তানসহ ৬ জনের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দেয়া হয়।

বিকেলে মিরপুর ২ নম্বর সেকশনের ২ নম্বর রোডের ৮ নম্বর ভবনের সামনে সন্ত্রাসীদের গুলিতে অজ্ঞাত পরিচয় ব্যক্তি (৩০) নিহত।

ঢাকা কেন্দ্রীয় কারাগারে মোসলেম (২৮) নামে এক কয়েদির মৃত্যুদণ্ডদেশ কার্যকর হয়েছে নারী ও শিশু নির্যাতন দমন আইনে।

চট্টগ্রামের কলেজ ছাত্র মামুন হত্যা মামলায় দু'জনের বিরুদ্ধে ফাঁসির রায় প্রদান করা হয়। এরা দু'জন হলো রতন শিকদার ও রেজওয়ান রিজু। অন্যদিকে যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত দু'জন হচ্ছে মঞ্জুর আহমদ মঞ্জু এবং সত্যজিৎ।

৫ আগস্ট : বিকেলে নরসিংদী সদর থানার দুর্গম চরাধরলের আলোকবালী ইউনিয়নের খোদাদিলা গ্রামে দু'দলের মধ্যে এক রক্তক্ষয়ী সংঘর্ষে আহত ১৫০।

সিলেটে রাতে ৩টি সিনেমা হলে বোমা বিস্ফোরণের ঘটনায় ১ জন

নিহত এবং ৬ জন আহত।

৬ আগস্ট : উপস্থিত বুদ্ধির কারণে সংঘবদ্ধ পাচারকারীদের কবল থেকে রক্ষা পায় মানিকগঞ্জ স্কুলের নবম শ্রেণীর ছাত্র জনি (১৫) এবং ষষ্ঠ শ্রেণীর ছাত্র ওসমান (১২)।

আশুলিয়ায় স্ত্রীসহ বেড়াতে এসে সন্ত্রাসীদের গুলিতে নিহত হয় রাজধানীর মালিবাগের টুপি ব্যবসায়ী শাহাদাত হোসেন ডালিম (৩৫)।

সাভার থানার দিয়াবাড়ি বেরন এলাকায় র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান (র্যাব) সদস্যদের হেফাজতে থাকা অবস্থায় গ্রেপ্তারকৃত ২৩ শীর্ষ সন্ত্রাসীর অন্যতম পিচ্চি হান্নান (৩৮) গুলিতে নিহত। তবে র্যাব সূত্র জানায়, পিচ্চি হান্নানের নিহত হওয়ার অন্যতম কারণ সন্ত্রাসী হেলাল ফ্রপের সঙ্গে বন্দুকযুদ্ধের সময় ক্রস ফায়ার।

৭ আগস্ট : সিলেটে দুটি সিনেমা হলে বোমা বিস্ফোরণ হওয়ার ৪৮ ঘণ্টার মধ্যে নগরীর একটি হোটেলের সামনে আরো একটি বোমা বিস্ফোরিত। এতে আওয়ামী লীগের ৫ নেতাসহ ৩০ জন আহত। এ ঘটনায় প্রাণে বেঁচে যান সিটি মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি বদরউদ্দিন আহমদ কামরান।

চট্টগ্রামের রাউজান ও আনোয়ারা উপজেলায় দুটি পৃথক ঘটনায় উত্তেজিত জনতার পিটুনিতে ডাকাতসহ ৩ দুর্ভাগ্য নিহত এবং আহত ৩ জন।

৮ আগস্ট : জুরাইনে সন্ত্রাসীদের ব্রাশ ফায়ারে ব্যবসায়ী মেসবাহউদ্দিন (৩২) ও তার প্রতিষ্ঠানের ম্যানেজার জাকির হোসেন (৩০) নিহত হন। আহত হন দুই পথচারী।

## চলছে বোমার রাজনীতি আতঙ্কিত সিলেট



দুইটি সিনেমা হলের বোমা বিস্ফোরণের মাত্র ৪৮ ঘণ্টার মধ্যে সিলেটে মেয়র বদরউদ্দিন আহমদ কামরানের গাড়িতে ৭ আগস্ট আবারও বোমা বিস্ফোরিত হয়। মেয়র প্রাণে বেঁচে গেলেও তার দেহরক্ষী মারা গেছেন। একের পর এক বোমা বিস্ফোরণের সিলেট এখন আতঙ্কের নগরীতে পরিণত হয়েছে। গোয়েন্দা সংস্থা সিলেটে কোনো বোমা বিস্ফোরণে সঙ্গে জড়িতদের খুঁজে বের করতে পারেনি। ক্রমাগত বোমা বিস্ফোরণের কারণে সিলেটবাসী এখন দারুণ নিরাপত্তাহীনতায় রয়েছে। আবারও বোমা বিস্ফোরণ নিয়ে শুরু হয়েছে রাজনীতি।

বিগত আওয়ামী লীগ সরকারের আমলে প্রথম যশোরের উদীচীর সম্মেলনে বোমা বিস্ফোরিত হয়েছে। এরপর রমনা বটমূলে, কমিউনিস্ট পার্টির সমাবেশে বোমা বিস্ফোরিত হয়। তখন বোমা বিস্ফোরণে তোলপাড় সৃষ্টি হলেও, প্রকৃত অপরাধী থাকে ধরাছোঁয়ার বাইরে। বোমা বিস্ফোরণের ঘটনাকে রাজনীতিকরণ করা হয়। তদন্ত ছাড়াই আওয়ামী লীগের তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী মোঃ

নাসিম চারদলীয় জোট তথা মৌলবাদীদের ওপর দায়ভার চাপিয়ে বক্তব্য রাখেন। তিনি মাটির নিচে থেকে হলেও অপরাধীদের গ্রেপ্তার করা হবে বলে ঘোষণা দেন। কার্যত এ সময় কোনো প্রকৃত অপরাধী গ্রেপ্তার হয়নি। বোমা বিস্ফোরণের ঘটনাকে রাজনীতিকরণ করতে গিয়ে তদন্ত চলে ভিন্ন খাতে।

চারদলীয় জোট আওয়ামী লীগ আমলের বোমা বিস্ফোরণকে সরকারের অপকর্ম বলে অভিহিত করে। ক্ষমতায় গিয়ে তারা এ বোমা বিস্ফোরণের বিচার বিভাগীয় তদন্ত করবে বলে ঘোষণা দেয়। তাদের নির্বাচনী ইশতেহারে বোমা বিস্ফোরণের বিচার করা হবে বলে উল্লেখ রয়েছে। চারদলীয় জোট ক্ষমতায় তিন বছর অতিবাহিত করেছে। পূর্বের বোমা বিস্ফোরণে কোনো তদন্তের

রিপোর্টও তারা প্রকাশ করতে পারেনি। বরং এখন প্রায়ই বোমা বিস্ফোরণ ঘটছে। মানুষের জীবনহানি ঘটছে। সরকার নির্বিকার। এ বোমা বিস্ফোরণের সঙ্গে জড়িয়ে পড়ছে বিভিন্ন মৌলবাদী সংগঠনের নাম। দায়ভার জোটের ওপর আসতে পারে বলে তারা দায়সারা তদন্ত করছে। প্রকৃত অপরাধী থাকছে আড়ালে। এমনকি কখনও প্রতিপক্ষ দমনের জন্য বিরোধী দলের ওপর বোমা বিস্ফোরণের দায়ভার চাপাচ্ছে। মানুষ বোমা বিস্ফোরণ নিয়ে আর রাজনীতি দেখতে চায় না। চায় মানবতার এই জঘন্য অপরাধের সঙ্গে জড়িত প্রকৃত অপরাধীর দৃষ্টান্তমূলক শাস্তি। সকল বোমা বিস্ফোরণের তদন্ত রিপোর্ট আজ দেশবাসী জানতে চায়। এটা জানার অধিকার জনগণের রয়েছে।